দৈনিক সংবাদ

তারিখ ..07 MAR 1990...
পৃষ্ঠা... ..৫...কলাম...২...

30

# বিদ্যালয়টি সরকারী হলেও হোস্টেল বেসরকারী

কিশোরগঞ্জ, ৪ঠা মার্চ (নিজস্ব সংবাদদাতা)।-তেইশ বছর আগে কিশোরগঞ্জ এস,ভি,বালিকা উচ্চ বিদ্যালয় সরকারীকরণ করা হলেও এর হোষ্টেলটি আজো বেসরকারীভাবে পরিচালিত হচ্ছে।

১৯৪৩ সালে স্থাপিত এ বিদ্যালয়টিকে ১৯৬৭ সালে সরকারীকরণ করা হয়। এরও ৭ বছর আগে অর্থাৎ ১৯৬০ সালে বিদ্যালয়ের হোষ্টেলটি নির্মিত হয়।

বে-সরকারী পর্যায়ে পরিচালিত কিশোরগঞ্জ এস, ভি, সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের হোষ্টেলটির যাবতীয় ব্যবস্থাপনার ব্যয়ভার আবাসিক ছাত্রীরাই বহন করে আসছেন।

বে-সরকারী হোষ্টেলে থেকেও প্রত্যেক ছাত্রীকে সরকারী নিয়মানুযায়ী সিট ভাড়া পরিশোধ করতে হয়।

বিদ্যালয়ের নিয়মানুযায়ী হোষ্টেল সুপার হিসাবে বিদ্যালয়ের এক একজন সহকারী শিক্ষিকাকে দায়িত্ব দেয়া হয় পর্যায়ক্রমে। কিন্তু এই অতিরিক্ত দায়িত্বের জন্য তার সম্মানীভাতা সুদীর্ঘ ২৩ বছর ধরে কেবল ১০ টাকায় নির্ধারিত ছিল। সম্প্রতি তা ৫০ টাকায় উন্নীত করার ব্যাপারে সার্কুলার এসেছে বলে শোনা যাচ্ছে।